**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

# পান্ডুলিপি সংগ্রহ, মুদ্রণ ও প্রকাশনা এবং বিপণননির্দেশিকা - ২০২৩

[ইসলামিক ফাউন্ডেশন আইন ১৯৭৫ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত]

**ইসলামিক ফাউন্ডেশন**

**প্রারম্ভিকা :** ইসলাম প্রচার ও প্রসারের জন্য ১৯৭৫ সালের ২২ মার্চ ইসলামিক ফাউন্ডেশন প্রতিষ্ঠা করেন। ইসলামের সুমহান আদর্শ ও মূল্যবোধের প্রচার ও প্রসার কার্যক্রমকে বেগবান করার লক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশন প্রতিষ্ঠালগ্ন হইতে কাজ করিয়া যাইতেছে। আল্লাহ তা'আলা পবিত্র কুরআনুল কারীমে সুরা মায়িদা আয়াত ২ এ ঘোষণা করেছেন যার অর্থ "সৎকর্ম ও তাক্ওয়া তোমরা পরস্পর সহযোগিতা করিবে" হযরত মুহাম্মদ (সা) এরশাদ করিয়াছেন, "যে ব্যক্তি কোন ভাল কাজের পথ প্রদর্শন করেন সে ব্যক্তি ভাল কাজ করিবার সমান সওয়াব পায় (মুসলিম শরীফ)।" রাসূল (সা) আরও বলেন, "আমার একটি বাণী হলেও মানুষের নিকট পৌছাঁইয়া দাও।" ইসলামিক ফাউন্ডেশন আইন ১৯৭৫ এর ১১(ঙ) ধারা অনুযায়ী ফাউন্ডেশনের অন্যান্য কার্যাবলির মধ্যে ইসলামের প্রচার ফাউন্ডেশনের অন্যতম একটি কাজ।

বর্ণিত প্রেক্ষাপটে ইসলামিক ফাউন্ডেশনের প্রেস বিভাগ, প্রকাশনা বিভাগ, গবেষণা বিভাগ, অনুবাদ ও সংকলন বিভাগ, ইসলামি বিশ্বকোষ বিভাগ এবং ইসলামী পুস্তক প্রকাশনা প্রকল্প/অনুরূপ প্রকল্পের কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে একটি সমন্বিত ও যুগোপযোগী পাণ্ডুলিপি সংগ্রহ, মুদ্রণ ও প্রকাশনা এবং বিপণন নির্দেশিকা-২০২৩ নির্দেশিকা প্রণয়নের প্রয়োজনীয়তা অনুভূত হওয়ায় ইসলামিক ফাউন্ডেশন অ্যাক্ট ১৯৭৫ -এর ধারা '১৮' এর ক্ষমতাবলে পাণ্ডুলিপি সংগ্রহ, মুদ্রণ ও প্রকাশনা এবং বিপণন নির্দেশিকা -২০২৩ প্রণীত হইলো ।

**সংক্ষিপ্ত শিরোনাম**

১. এই নির্দেশিকা পাণ্ডুলিপি সংগ্রহ, মুদ্রণ ও প্রকাশনা এবং বিপণন নির্দেশিকা -২০২৩ নামে অভিহিত হইবে।।
ইংরেজিতে "Manuscript Collection, Printing & Publications and Marketing Guidelines" 2023 বুঝাইবে।

**২. সংজ্ঞার্থ**

বিষয় অথবা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই নির্দেশিকায় ব্যবহৃত শব্দাবলি নিম্নরূপ অর্থ বুঝাইবে-

২.১ 'প্রকাশনা' বলিতে প্রচারের জন্য কোন প্রকাশিত মুদ্রিত সামগ্রীকে বুঝাইবে ।

(ক) পাণ্ডুলিপি বলিতে মৌলিক, গবেষণা, অনূদিত, সংকলিত, সংগৃহীত, সম্পাদিত লেখাকে বুঝাইবে।

(খ) 'প্রকাশনা কার্যক্রমে সম্পৃক্ত' বলিতে প্রকাশনা বিভাগ, গবেষণা বিভাগ, অনুবাদ ও সংকলন বিভাগ, ইসলামী বিশ্বকোষ বিভাগ এবং ইসলামী পুস্তক প্রকাশনা প্রকল্পকে বুঝাইবে ;

(গ) প্রকাশনা বিভাগের পাণ্ডুলিপি বলিতে প্রকাশনা বিভাগ কর্তৃক নির্বাচিত পাণ্ডুলিপি বুঝাইবে;

(ঘ) গবেষণা বিষয়ক পাণ্ডুলিপি বলিতে গবেষণা বিভাগ কর্তৃক নির্বাচিত/ বাছাইকৃত/ সুপারিশকৃত নতুন পাণ্ডুলিপি বুঝাইবে;

(ঙ) অনুবাদ ও সংকলন বিষয়ক পাণ্ডুলিপি বলিতে অনুবাদ ও সংকলন বিভাগ কর্তৃক অনূদিত ও সংকলিত পাণ্ডুলিপি বুঝাইবে;

(চ) ইসলামী বিশ্বকোষ বিষয়ক পাণ্ডুলিপি বলিতে ইসলামী বিশ্বকোষ বিভাগ কর্তৃক প্রণীত/ সম্পাদিত/অনূদিত সংগৃহীত/ সংস্করণকৃত পাণ্ডুলিপি বুঝাইবে;

(ছ) প্রকাশনা প্রকল্প বলিতে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক গৃহীত বাস্তবায়নাধীন উন্নয়ন বাজেটের আওতায় পুস্তক প্রকাশনা প্রকল্প বুঝাইবে;

২.২ বিক্রয়যোগ্য প্রকাশনা বলিতে যে সকল পুস্তক-পুস্তিকা, পত্র-পত্রিকা, জার্নাল এবং অন্য সকল প্রকা মুদ্রিত সামগ্রী ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক মূল্যের বিনিময়ে সর্বসাধারণের ব্যবহারের নিমিত্ত বিক্রয় করা হয় তাহা বুঝাইবে;

(ক) বিশেষ প্রকাশনা বলিতে বুঝাইবে, যে সকল প্রকাশনা কিংবা মুদ্রিত সামগ্রী বিশেষ ব্যবহারের জন্য অথবা বিশেষ অনুষ্ঠান/উপলক্ষে প্রকাশ করা হইবে;

(খ) সর্বসাধারণের ব্যবহারের বিনিময়েযে সকল মুদ্রিত প্রকাশনার মূল্য গ্রহণ করা হয় না, এই সকল মুদ্রণকার্য জবওয়ার্ক অথবা বিবিধ মুদ্রণকার্যহিসাবে অভিহিত হইবে;

(গ) 'মহাপরিচালক' বলিতে ইসলামিক ফাউন্ডেশনেরমহাপরিচালক বুঝাইবে ;

(ঘ) প্রশাসনিক মন্ত্রণালয়বলিতে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বুঝাইবে;

(ঙ) প্রকাশক অর্থ প্রকাশনার সাথে সংশ্লিষ্ট বিভাগকে বুঝাইবে ; যাহা প্রকাশনা বিভাগ , গবেষণা বিভাগ,অনুবাদ ও সংকলন বিভাগ, ইসলামী বিশ্বকোষ বিভাগ এবং প্রকাশনা প্রকল্পকে বুঝাইবে;

(চ) প্রেস বলিতে ইসলামিক ফাউন্ডেশন প্রেসকে বুঝাইবে ;

(ছ) অফিস বলিতে ইসলামিক ফাউন্ডেশনের অফিসকে বুঝাইবে ;

(জ) 'মুদ্রক' বলিতে ইসলামিক ফাউন্ডেশন প্রেসের প্রকল্প ব্যবস্থাপককে বুঝাইবে ;

(ঝ) মুদ্রণ' বলিতে মেশিনে ছাপাকার্য এবং বাঁধাইকার্যকে বুঝাইবে;

(ঞ) 'বেসরকারী প্রেস বলিতে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক তালিকাভুক্ত ১ম, ২য় ও ৩য় শ্রেণির বেসরকারি প্রেস [প্রযোজ্য ক্ষেত্রে] বুঝাইবে ;

(ট) পাণ্ডুলিপি প্রস্তুত বলিতে লেখক /গবেষক/অনুবাদক/সংকলক কর্তৃক প্রস্তুতকৃত মৌলিক , গবেষণামূলক, অনুবাদকৃত, সংকলিত, সম্পাদিত, সংগৃহীত এবং অনুরূপ যেকোন লেখাকে বুঝাইবে ;

(ঠ) "রিভিউয়ার" (Reviewer) বলিতে বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ অথবা সমীক্ষক বুঝাইবে; পাণ্ডুলিপি ভেদে বিশেষজ্ঞ/ সমীক্ষক ভিন্নতর হইবেন ; যাহা গবেষণা গ্রন্থের জন্য এক ধরনের , ইসলামী বিশ্বকোষের জন্য এক ধরনের, মৌলিক গ্রন্থের জন্য এক ধরনের, অনুবাদ/সংকলিত গ্রন্থের জন্য এক ধরনের হইবে;

(ড) সম্পাদনা বলিতে সংশ্লিষ্ট বিভাগ/উন্নয়ন প্রকল্প কর্তৃক সম্পাদনাবুঝাইবে ;

(ঢ) সংস্করণ ও পুনর্মুদ্রণ বলিতে ১ম সংস্করণ হইতে শুরু করিয়া পরবর্তী সকল সংস্করণ ও পুনর্মুদ্রণ প্রকাশনা বিভাগ অথবা যে বিভাগ/প্রকল্প কর্তৃক প্রকাশকরা হইবেউহাকে বুঝাইবে;

(ণ) প্রকল্প বলিতেপ্রকাশনা অথবা অনুরূপ প্রকল্পবুঝাইবে ;

(ত) আই সি টি বিভাগ বলিতে ইসলামিক ফাউন্ডেশনআই সি টি বিভাগকে বুঝাইবে ;

(থ) লেখক বলিতে যে কোন ধরনের পাণ্ডুলিপি প্রণয়নে সংশ্লিষ্ট লেখক,গবেষক, অনুবাদক, সংকলক, কবি, সাহিত্যিক-কে বুঝাইবে ;

(দ) কমিটি ও উপ-কমিটি বলিতে নির্দেশিকায় গঠিত কমিটি ও উপ-কমিটিকে বুঝাইবে;

(ধ) 'বোর্ড অব গভর্নরস' বলিতে ইসলামিক ফাউন্ডেশন এর বোর্ড অব গভর্নরস-কে বুঝাইবে ;

(ন) বিক্রয় বলিতে ইসলামিক ফাউন্ডেশন হইতে প্রকাশিত বই বিক্রয়কে বুঝাইবে;

(প) পরিবেশক বলিতে ইসলামিক ফাউন্ডেশন প্রকাশিত বই পরিবেশনকারী /সরবরাহকারী সংস্থা/বাজারজাতকারী প্রতিষ্ঠানকে বুঝাইবে;

(ফ) "ইন্টেলেকচুয়াল প্রপার্টি" (Intellectual Property) বলিতে কোন প্রকাশনার একক মালিকানাধীন স্বত্ব অথবা মেধা স্বত্ব আইনের আওতায় ঘোষিত স্বত্ব অথবা মেধা স্বত্বের একক মালিকানাকে বুঝাইবে;

(ব) চাহিদা প্রদানকারী বলিতে প্রেসকে কার্যাদেশ প্রদানকারী অথবা অনুরোধকারীকে বুঝাইবে ।

## ৩. পাণ্ডুলিপি গ্রহণ, মুদ্রণ ও মুদ্রিত কপিরসংখ্যা ও কার্যাদেশ প্রদান

(ক) মুদ্রণ সংক্রান্ত সকল চাহিদা প্রদানকারী/কার্যাদেশ স্ব-স্ব বিভাগ/দপ্তরের মাধ্যমে প্রেসে প্রেরণ করিতে হইবে ;

(খ) পাণ্ডুলিপি প্রাপ্তির পর প্রেসে মুদ্রণের জন্য প্রেরণ করত প্রকাশনা কত সংখ্যক (মূল্যে ও বিনামূল্যে বিতরণের জন্য ) মুদ্রণ করা হইবে তাহা নির্ধারণ পূর্বক প্রেস কর্তৃপক্ষকে অবহিত করা হইবে ;

(গ) প্রেসে পাণ্ডুলিপি প্রেরণ : চাহিদা প্রদানকারী বিভাগ /দপ্তর হইতে সুস্পষ্ট ও নির্ভুল পাণ্ডুলিপি প্রেসে সরবরাহ করিতে হইবে ;

(ঘ) চাহিদা প্রদানকারী প্রি-প্রেসের কাজ স্ব-উদ্যোগে চূড়ান্ত করার প র মুদ্রণের জন্য প্রেসকে অনুরোধ/কার্যাদেশ প্রদান করিতে পারিবে [প্রযোজ্য ক্ষেত্রে] ।

## ৪. প্রকাশনা সংরক্ষণ ও বিতরণ

মুদ্রিত সকল প্রকাশনা প্রেস হইতে সংশ্লিষ্ট বিভাগ/শাখা/দপ্তরে হস্তান্তর করিবার পর চাহিদা প্রদানকারী প্রকাশনা সংরক্ষণ **ও** বিতরণের ব্যবস্থা নিশ্চিত করি বে ।

## ৫. প্রুফ কপি অনুমোদন

(ক) ‘মুদ্রণযোগ্য সামগ্রীর প্রুফ রিডিং’ সংশ্লিষ্ট বিভাগ/শাখা/প্রকল্প দপ্তর নিশ্চিত করিবে ;

(খ) চাহিদা প্রদানকারী বিভাগ/শাখা/দপ্তর প্রুফ দেখিতে চাহিলে সংশ্লিষ্ট প্রেস সরাসরি চাহিদাকারী বিভাগ/শাখা/দপ্তরকে প্রুফ সরবরাহ করিবে ;

(গ) চাহিদা প্রদানকারী বিভাগ/শাখা/দপ্তর কর্তৃক গৃহীত প্রুফ যথাযথভাবে পরীক্ষাপূর্বক পৃথকভাবে ভুল ত্রুটি চিহ্নিত করিয়া সর্বোচ্চ ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে উহা সংশ্লিষ্ট প্রেসে ফেরত দিতে হইবে ;

(ঘ) দ্বিতীয় প্রুফ গ্রহণ করা হইলে যথাযথভাবে ভুল ত্রুটি নির্দেশ করিয়া উহা সর্বোচ্চ ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে ফেরত দিতে হইবে। চূড়ান্ত প্রুফ দেখিবার পর আর কোন পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন করা যাইবে না ;

(ঙ) বিশেষ কারণে স্বল্পতম সময়ের মধ্যে ফেরত দেয়ার শর্তে ৪র্থ প্রুফ দেখিবার সুযোগ দেওয়া হইবে;

(চ) মুদ্রণ চাহিদা মান সম্পন্ন করিতে প্রেসকেনির্ভুল পাণ্ডুলিপি সরবরাহ করিতে হইবে ;

(ছ) কম্পিউটার প্রিন্ট আউটের ট্রেসিং পেপারে পাণ্ডুলিপি পাওয়া গেলে চাহিদা প্রদানকারীকে প্রুফ কপি দেওয়া হইবে না;

(জ) চূড়ান্ত মুদ্রণের পর কোনরূপ পরিবর্তন, পরিবর্ধন অথবা সংযোজনের আবশ্যকতা দেখা দিলে এতদবিষয়ে মহাপরিচালকের অনুমতি গ্রহণ করিতে হইবে ।

## ৬. কাগজ নির্বাচন

(ক) প্রকাশনার গুরুত্ব ও স্থায়িত্ব বিবেচনা এবং মুদ্রিত সামগ্রীর নির্ধারিত মূল্য/বিনামূল্যে বিতরণের ন্যায় সার্বিক দিক বিবেচনা করিয়া মানসম্মত কাগজ ব্যবহার করিতে হইবে। এই ব্যাপারে সংশ্লিষ্ট বিভাগ/শাখা/দপ্তর/চাহিদা প্রদানকরী প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করিবে ;

(খ) সকল প্রকার মুদ্রণে যথাসম্ভব দেশীয় সাদা/অফসেট/অফ হোয়াইট কাগজ ব্যবহৃত হইবে

(গ) অন্যান্য মুদ্রণকার্য দেশীয় সাদা/অফসেট/অফ হোয়াইট কাগজে এবং বহু রঙিন (Multi color) কার্য হইলে আর্ট পেপারেও মুদ্রণ করা যা ইবে ;

(ঘ) দেশীয় কাগজের দুষ্প্রাপ্যতা ও স্বল্পতার কারণে বিদেশী কাগজ ব্যবহার করা যাইবে।

## ৭. বাঁধাই সামগ্রী নির্বাচন

প্রকাশনার গুরুত্ব, স্থায়িত্ব, সৌন্দর্য ইত্যাদি বিবেচনা করিয়া চাহিদা প্রদানকারী বাঁধাই সামগ্রী নির্বাচন করিবে।

## ৮. মুদ্রিত সামগ্রীর খরচ নির্ধারণ

মহাপরিচালক কর্তৃক গঠিত কমিটির সুপারিশের ভিত্তিতে সময়ে সময়ে নির্ধারিত হারে এবং পদ্ধতিতে মুদ্রিত সামগ্রীর খরচ নির্ধারণ করিতে হইবে এবং তদানুযায়ী মুদ্রণ ব্যয় পরিশোধকরা হইবে।

## ৯. মুদ্রণ চাহিদার ন্যূনতম সংখ্যা

প্রকাশনা বিভাগ/গবেষণা বিভাগ/ইসলামী বিশ্বকোষ বিভাগ/অনুবাদ ও সংকলন বিভাগ/উন্নয়ন প্রকল্প কর্তৃক চাহিদাপত্রে কপির সংখ্যা যাহা থাকিবে উহাই মুদ্রণসংখ্যা হিসেবে গণ্যহইবে।

## ১০. কর্ম পরিকল্পনা (Work Plan) প্রণয়ন

চাহিদা প্রদানকারীর কার্যাদেশ/অনুরোধ মোতাবেক মুদ্রণসামগ্রী নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহ নিশ্চিত করিতে হইবে। এই জন্য প্রেসের একটি কর্মপরিকল্পনা (Work Plan) থাকিতে হইবে।

## ১১. মুদ্রণ খরচ পরিশোধ

সংশ্লিষ্ট বিভাগ/শাখা/দপ্তর/উন্নয়ন প্রকল্প তথা কার্যাদেশ প্রদানকারী কে মুদ্রণ খরচ পরিশোধ করিতে হইবে।

## ১২. মুদ্রণ কার্যের জন্য সরবরাহকৃত/সংগৃহীত কাগজ ও অন্যান্য সামগ্রীর খরচের হিসাব প্রদান এবং সংরক্ষণ

ইসলামিক ফাউন্ডেশন প্রেস প্রতিটি মুদ্রণকার্যে যে পরিমাণ কাগজ ও অন্যান্য সামগ্রী খরচ করিবে তাহার হিসাব সংরক্ষণ করিবে এবং প্রতি অর্থ বছরে খরচকৃত কাগজের হিসাব সম্পর্কিত প্রতিবেদন পরবর্তী অর্থ বছরের ৩১ জুলাই এর মধ্যে মহাপরিচালকের নিকট পেশ করিবে।

## ১৩. মুদ্রণকার্যের অপারগতা সনদপত্র/ অনাপত্তি প্রদান

(ক) সংশ্লিষ্ট বিভাগ/শাখা/দপ্তর কার্যাদেশ প্রদানকারীর চাহিদা অনুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে কোন প্রকাশনা সরবরাহ করিতে না পারিলে প্রেস সংশ্লিষ্ট বিভাগকে ১০ (দশ) কর্মদিবসের মধ্যে অবহিত করিবে। তৎপ্রেক্ষিতে, প্রেস ব্যবস্থাপক সংশ্লিষ্ট চাহিদা প্রদানকারী/কার্যাদেশ প্রদানকারীকে অপারগতা সনদপত্র/অনাপত্তি প্রদান করিবে ;

(খ) প্রেস হইতে নির্ধারিত সময়ের মধ্যে অপারগতা সনদ/অনাপত্তি সনদ পাওয়া গেলে/ চাহিদা/কার্যাদেশ প্রদানকারী পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ অনুসরণ পূর্বক মুদ্রণকার্য করাইতে পারিবে ।

(গ) চাহিদা/কার্যাদেশ প্রদানকারী প্রেস হতে অনাপত্তি সনদ গ্রহণ ব্যতীত কোন মুদ্রণ কাজ করাইতে পারিবে না।

## ১৪. গ্রন্থ স্বত্ব

ইসলামিক ফাউন্ডেশন থেকে প্রকাশিত সকল প্রকাশনার একমাত্র স্বত্বাধিকারী হইবে ইসলামিক ফাউন্ডেশন ইহার পূর্বানুমতি ব্যতীত প্রকাশনার আংশিক অথবা পূর্ণ কোন ক্রমেই অন্য কোন প্রতিষ্ঠান অথবা দপ্তর পুনঃমুদ্রণ, প্রকাশ অথবা বাজারজাত করিতে পারিবে না। পূণঃমুদ্রণ, প্রকাশনা অথবা বাজারজাত করিলে তাহার বিরুদ্ধে কপিরাইট আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হইবে ।

## ১৫. আউটসোর্সিং মুদ্রণ কাজ

মহাপরিচালকের অনুমোদন ব্যতীত অন্য কোন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ প্রতিষ্ঠান/সংস্থা অথবা আউটসোর্সিং থেকে আগত যে কোন প্রকাশনা প্রেস হইতে মুদ্রণ করাইতে পারিবে না।

## ১৬. পান্ডুলিপির সংশোধনী

যে কোন প্রকাশনা মুদ্রণার্থে প্রেরণ করা হইলে এবং মুদ্রিত না হইয়া থাকিলে প্রেস ছোটখাটো সংশোধনের ক্ষেত্রে সুযোগ দান করিতে পারিবে। চাহিদা/কার্যাদেশ প্রদানকারী মহাপরিচালকের অনুমতি ব্যতিরেকে অন কোনভাবে প্রেসের সহিত যোগাযোগ করিয়া কোন চাহিদাকৃত সামগ্রীর কপির পরিমাণ হ্রাস/বৃদ্ধি অথবা প্রকাশনার মাপ পরিবর্তন করিতে পারিবে না ।

## ১৭. 'ট্রেসিং/সফটকপি' সংরক্ষিত রাখা

ট্রেসিং/সফটকপি প্রেস ব্যবস্থাপক প্রেসে সংরক্ষণ ও গোপনীয়তা নিশ্চিত করিবে ।

## ১৮. বিরোধ নিষ্পত্তি

মুদ্রণ বিষয়ে চাহিদাকারী বিভাগের সাথে প্রেস দ্বিমত পোষণ করিলে উক্ত বিষয়ে উভয় পক্ষ আলোচনাক্রমে সিদ্ধান্ত গ্রহণ করি বে। তবে পুনরায় সিদ্ধান্তের সহিত দ্বিমত পোষণ করিলে সমাধানের লক্ষ্যে মহাপরিচালকের নিকট বিষয়টি নিষ্পত্তির জন্য উপস্থাপন করা যাইবে।

## ১৯. বিবিধ

(ক) চাহিদা প্রদানকারী বিভাগ প্রেসের সাথে আলাপ করিয়া চাহিদাকৃত মুদ্রণকার্যের বিশুদ্ধ পাণ্ডুলিপি কম্পিউটারে ইউনিকোড ফন্টে কম্পোজ করিয়া মিরর ( Mirror) প্রিন্ট আউট, পজেটিভ, ট্রেসিং পেপারে প্রেরণ করিতে পারিবে[প্রযোজ্য ক্ষেত্রে] ।

(খ) রঙিন কার্যের পাণ্ডুলিপি যাহাতে ইলাস্ট্রেটরে কনভার্ট করিয়া পজিটিভ করা যায় সেই বিষয়ে সংশ্লিষ্ট চাহিদা/কার্যাদেশ প্রদানকরী প্রেসের সাথে যোগাযোগ করিয়া কম্পোজপূর্বক মেকআপ করিয়া প্রেসে প্রেরণ করিতে পরিবে[প্রযোজ্য ক্ষেত্রে] ;

(গ) প্রেস অনধিক ২% হিসাবে কাগজের অপচয় পাইবে কিংবা অপচয়হিসেবে গণ্য হইবে ।

২০. The Printing Presses and Publications (Declaration and Registration) Act 1973 এ বর্ণিত যে সকল ধারা প্রেসের জন্য প্রযোজ্য সেই সকল ধারা ইসলামিক ফাউন্ডেশন প্রেসের ক্ষেত্রে বলবৎ থাকিবে এবং যথাযথভাবে অনুসৃত হইবে ।

## ২১. পাণ্ডুলিপি সংগ্রহ

(ক) প্রতি বৎসরের ন্যূনতম ০২ (দুই) বার লেখকদের নিকট হইতে নির্ধারিত সময়ের মধ্যে পাণ্ডুলিপি আহবানের জন্য বহুল প্রচারিত কমপক্ষে ০২টি বাংলা ও ০১টি ইংরেজি দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হইবে। একই সাথে পাণ্ডুলিপি আহবানের বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান/মাদ্রাসা (আলিয়া ও কওমী), অনুরূপ গবেষণা প্রতিষ্ঠান, গবেষণা পরিষদ সহ গুরুত্বপূর্ণ সংস্থায়, প্রতিষ্ঠিত লেখক, গবেষক, অনুবাদকদের নিকট পৌঁছানোর ব্যবস্থা করিতে হইবে। ইহা ইসলামিক ফাউন্ডেশন ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হইবে ;

(খ) ইসলামী মূল্যবোধ, ইতিহাস, ঐতিহ্য, আর্থ-সামাজিক উন্নয়ন ও বিবিধ বিষয় সহ ইসলামিক ফাউন্ডেশনের অ্যাক্ট ১৯৭৫ -এর লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে সামঞ্জস্য রেখে পাণ্ডুলিপির শিরোনাম, বিষয়বস্তু বিজ্ঞপ্তিতে উল্লেখ করিতে পারিবে;

(গ) গবেষণা গ্রন্থের জন্য ইসলামের মৌলিক বিষয়সহ আর্থ-সামাজিক উন্নয়ন, বাস্তব প্রয়োগ এবং সমাজ পরিবর্তনের সহায়ক ভূমিকা রাখিতে পারে এইরূপ ইসলামী গবেষণা পাণ্ডুলিপি আহবান করা হইবে

(ঘ) ইসলামী গবেষণা গ্রন্থের জন্য ইসলামিক ফাউন্ডেশন ইচ্ছা করিলে গবেষণার বিষয়বস্তু কিংবা উহার চাহিদা মোতাবেক পাণ্ডুলিপি আহবান করিতে পারিবে;

(ঙ) ইসলামী গবেষণা পাণ্ডুলিপি জমা দানের সময় এই মর্মে অঙ্গীকার নামা দিতে হইবে যে, তাহার গবেষণা কর্মটি ইতিপূর্বে গবেষণা করা হয় নাই;

(চ) অনূদিত গ্রন্থের ক্ষেত্রে বিশ্ব নন্দিত , সর্বজন স্বীকৃত , বহুল প্রচারিত ও প্রকাশিত স্বনামধন্য লেখক/গবেষক প্রণীত ইসলাম বিষয়ক বইয়ের সহজ সরল বাংলা ভাষায় অনুবাদকৃত পাণ্ডুলিপি হইতে হইবে;

(ছ) ইসলামী বিশ্বকোষের ক্ষেত্রে অনূদিত, সংকলিত, সম্পাদিত, সংগৃহীত, নির্ভরযোগ্য তথ্য সমৃদ্ধ নিবন্ধ ভূক্তি লেখা পাণ্ডুলিপি জমা প্রদান করিতে হইবে;

(জ) 'মাসিক অগ্রপথিক' ও শিশু-কিশোর পত্রিকা 'সবুজ পাতার' জন্য ইসলামী মূল্যবোধ ও সমসাময়িক বিষয়াবলির উপর লেখা আহবান করা হইবে;

(ঝ) ইসলামিক ফাউন্ডেশন জার্নাল এর জন্য অনুমোদিত নীতিমালার আলোকে গবেষণা নিবন্ধ /প্রবন্ধ সংগ্রহ করা যাইবে;

(ঞ) বাংলায় সর্বোচ্চ ১৩ পয়েন্ট ও ইংরেজি সর্বোচ্চ ১০ পয়েন্ট ইউনিকোডে কম্পিউটার কম্পোজ করিয়া অফেরতযোগ্য ০২ (দুই) কপি মূল পাণ্ডুলিপি A4 সাইজের কাগজে স্পাইরাল অথবা খোলা বাঁধাই করিয়া সংশ্লিষ্ট বিভাগে দাখিল করিতে হইবে এতদসংগে সফটকপিও সরবরাহ করিতে হইবে;

(ট) লেখক কর্তৃক পাণ্ডুলিপির মৌলিকত্ব ঘোষণাপত্র এবং প্রকাশিতব্য বইয়ের কতটুকু অংশ ইসলামী মূল্যবোধের সমাজ বিনির্মাণে সহায়ক হইবে উহা উল্লেখপূর্বক আবেদন পত্রের সহিত জমা দিতে হইবে ;

(ঠ) নির্দেশিকার অনুচ্ছেদ ২৩ -এর শর্ত মোতাবেক পাণ্ডুলিপি নির্বাচন করা হইবে;

(ড) পাণ্ডুলিপি দাখিলের বানান রীতি প্রমিত নিয়ম অনুসরণ করিতে হইবে , তবে ইসলামী পরিভাষা ব্যবহারে সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হইবে;

(ঢ) নির্দেশিকার অনুচ্ছেদ ২৫ মোতাবেক বিশেষজ্ঞের মতামত গ্রহণপূর্বক পাণ্ডুলিপি মুদ্রণ ও প্রকাশনা প্রক্রিয়া শুরু করা হইবে;

(ণ) চূড়ান্তভাবে নির্বাচিত পাণ্ডুলিপি পুস্তক আকারে মুদ্রণ ও প্রকাশের জন্য লেখক /গবেষক/অনুবাদক-কে ইসলামিক ফাউন্ডেশনের সাথে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে পুস্তক মুদ্রণ এবং প্রকাশের জন্য চুক্তিবদ্ধ হইতে হইবে (সংযুক্তি -১) ।

## ২২. পাণ্ডুলিপি বাছাই/ নির্বাচন প্রক্রিয়া

(ক) প্রাপ্ত প্রতিটি পাণ্ডুলিপি প্রকাশনার উপযোগী কিনা তা মূল্যায়ন কিংবা পরীক্ষা-নিরীক্ষা করে মতামত প্রদানের জন্য বিভাগীয় প্রধান বিভাগীয় সম্পাদককে প্রদান করিতে পারিবে অথবা একটি উপকমিটি গঠন করিতে পারিবে। কমিটির সুপারিশের প্রেক্ষিতে রিভিউয়ারের ব্যবস্থা করিতে হইবে। এজন্য ০৩ (তিন) জন বিষয় বিশেষজ্ঞ/রিভিউয়ার মনোনীত করা হইবে। প্রথম দুইজন বিশেষজ্ঞ/রিভিউয়ারের নিকট পাণ্ডুলিপি প্রেরণ করা হইবে। দুইজন বিশেষজ্ঞ/রিভিউয়ারের মধ্যে একজনের মতামত ইতিবাচক না হইলে সেই ক্ষেত্রে তৃতীয় বিশেষজ্ঞ/রিভিউয়ারের নিকট পাণ্ডুলিপি প্রেরণ করা হইবে। দুইজন বিশেষজ্ঞের ইতিবাচক মতামত সাপেক্ষে পাণ্ডুলিপি প্রকাশের জন্য প্রাথমিকভাবে বিবেচিত হইবে। যাহা প্রকাশনা কমিটি কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত হইতে হইবে ;

(খ) বিশেষজ্ঞ/রিভিউয়ারের মতামত সাপেক্ষে যদি পাণ্ডুলিপি সংশোধন, সম্পাদন অথবা বিষয়গত ও ভাষাগত মান উন্নয়নের আবশ্যকতা দেখা দেয় , তাহা হইলে লেখক/গবেষক/সংকলক/ অনুবাদককে দিয়া উহা করাইয়া নেওয়া অথবা চূড়ান্তরূপে গ্রহণ বা বর্জন করা যাইবে;

(গ) ইসলামের মৌলিক আকিদা ও বিশ্বাস, শরীয়া, রাষ্ট্র এবং সমাজের সাথে সাংঘর্ষিক/বিতর্কিত যে কোন ধরনের পাণ্ডুলিপি, প্রবন্ধ/নিবন্ধ গ্রহণ করা হইবে না ;

(ঘ) স্ব-প্রণোদিত হইয়া জমাদানকৃত পাণ্ডুলিপির রিভিউ (Review) এর ব্যবস্থা করিতে হইবে;

(ঙ) ফরমায়েশি পাণ্ডুলিপি সম্পাদনার ব্যবস্থা করিতে হইবে ;

(চ) পাণ্ডুলিপি চূড়ান্তভাবে নির্বাচিত হইবার পর লেখককে একটি অঙ্গীকারনামা প্রদান করিতে হইবে;

(ছ) পাণ্ডুলিপি রিভিউ (Review) এর জন্য বিষয় বিশেষজ্ঞ/বিষয়ভিত্তিক রিভিউয়ারদের (Reviewer) তালিকা স্ব-স্ব বিভাগ সংরক্ষণ করিবে এবং প্রতি বৎসর হাল নাগাদ করিতে হইবে।

## ২৩. মূল্য নির্ধারণ কমিটি

পুস্তক প্রকাশের পূর্বে বর্তমান বাজার দর যাচাই করিয়া বইয়ের মূল্য নির্ধারণের জন্য একটি কমিটি থাকিবে, যাহারা মূল্য নির্ধারণ করিবে এবং যাহা স্ব-স্ব বিভাগ কর্তৃক সুপারিশকৃত হইবে।

**কমিটির কার্য পরিধি -**

উৎপাদন ব্যয় এবং আনুসঙ্গিক সকল ব্যয় বিবেচনাপূর্বক বাজার দর যাচাই করিয়া ক্রেতাদের ক্রয় ক্ষমতা বিবেচনা করিয়া বইয়ের মূল্য কমিটি কর্তৃক নির্ধারণ করা হইবে।

## ২৪. পুস্তক প্রকাশনা কমিটি :

পাণ্ডুলিপি মূল্যায়ন, চূড়ান্ত নির্বাচন ও প্রকাশনা সংক্রান্ত কার্যাদি পরিচালনা র জন্য মহাপরিচালককে সভাপতি করিয়া একটি কমিটি গঠিত হইবে ।

**কমিটির কার্য পরিধি -**

(ক) বিষয়ভিত্তিক পুস্তক প্রকাশের কর্ম পরিকল্পনা গ্রহণ করা ;

(খ) প্রকাশনার জন্য রিভিউকৃত পাণ্ডুলিপির মধ্য থেকে চূড়ান্ত পাণ্ডুলিপি নির্বাচন করা ;

(গ) চাহিদাসম্পন্ন পুস্তকের নতুন, পুনর্মুদ্রণ ও সংস্করণ পুস্তকের অনুমোদন ;

(ঘ) পুনর্মুদ্রণ ও নতুন পুস্তকের সংখ্যা নির্ধারণ ;

(ঙ) রাজস্ব খাত ও উন্নয়ন খা তের আওতায় প্রকাশিত পুস্তকের নতুন প্রকাশনা ও পুনঃ প্রকাশনার মধ্যে সমন্বয় সাধন করা ;

(চ) বিষয়ভিত্তিক রিভিউয়ার, বিশেষজ্ঞ, সম্পাদনার জন্য প্যানেল তৈরি এবং হালনাগাদকরণ ;

(ছ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট (Co-opt) করিতে পারিবে ;

(জ) পুস্তক প্রকাশনা সংক্রান্ত আনুসঙ্গিক সকল কার্যাদি সম্পন্ন করা ;

(ঝ) কমিটি প্রয়োজন বোধ করিলে একটি উপ-কমিটিও গঠন করিতে পারিবে।

## ২৫. রয়্যালটি/ সম্মানী নির্ধারণ প্রক্রিয়া

লেখকের রয়্যালটি/সম্মানী/পারিতোষিক প্রদান একটি চলমান প্রক্রিয়া। এই প্রক্রিয়ার সাথে সম্পৃক্ত সকলকে সন্তোষজনক অর্থসম্মানী হিসাবে প্রদান করার জন্য একটি কমিটি থাকিবে ।

**কমিটির কর্ম পরিধি -**

(ক) প্রকাশনা রাজস্ব খাতের তহবিলের সহজলভ্যতা বিবেচনা করিয়া নির্বাচিত লেখককে প্রকাশিত পাণ্ডুলিপির জন্য এককালীন নির্ধারিত অর্থ সম্মানী হিসাবে প্রদান করার সুপারিশ করিতে পারিবে ;

(খ) পরবর্তী সংস্করণ/মুদ্রণের ক্ষেত্রে পুস্তকের উদপাদন ব্যয়ের উপর শতকরা হার নির্ধারণ করিয়া লেখককে রয়্যালটি প্রদান করা হইবে ;

(গ) একই শিরোনামের একাধিক লেখকের ক্ষেত্রে রয়্যালটি/সম্মানী সমহারে বণ্টন করিয়া দেওয়া হইবে

(ঘ) অনুবাদ গ্রন্থের ক্ষেত্রে অনুবাদককে প্রতি ১০০০ (এক হাজার) শব্দের জন্য কমিটি কর্তৃক নির্ধারিত হারে সম্মানী প্রদান করা হইবে। অনুবাদককে পরবর্তী মুদ্রণের জন্য কোন সম্মানী প্রদান করা হইবে;না

(ঙ) পান্ডুলিপি মূল্যায়নের ক্ষেত্রে বিশেষজ্ঞরিভিউয়ারদের মতামতের জন্য প্রতি ফর্মা সম্মানী প্রদানের হার কমিটি কর্তৃক নির্ধারিত হইবে;

(চ) রাজস্ব ও উন্নয়ন খাতের মধ্যেসম্মানীর আর্থিক বিষয়টিসমন্বয় করিতে হইবে ;

(ছ) প্রুফ রিডিং এর জন্য (অনধিক ০৩ বার) প্রতি ফর্মার জন্য কমিটি কর্তৃক নির্ধারিত হারে পারিতোষিক প্রদান করা হইবে। তবে প্রুফ রিডার পদে নিয়োগ প্রাপ্তদের জন্য পারিতোষিক প্রযোজ্য হইবে না;

(জ) রয়্যালটি/সম্মানী/পারিতোষিক প্রদানের ক্ষেত্রে বিধি মোতাবেক ভ্যাট /ট্যাক্স/উৎসে কর কর্তন করা হইবে ;

(ঝ) কমিটি নিয়মিত সভার আয়োজন করিবে ।

## ২৬. কপিরাইট

(ক) লেখককে অবশ্যই জাতীয় এবং আন্তর্জাতিক ‘কপিরাইট’ আইন মান্য করিতে হইবে ;

(খ) ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত বইয়ের এক বা একাধিক সংস্করণের জন্য ‘কপিরাইট’ প্রকাশক হিসাবে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক সংরক্ষিত থাকিবে ;

(গ) প্রকাশিত পুস্তকের চাহিদার ভিত্তিতেইসলামিক ফাউন্ডেশন কর্তৃক পরবর্তী সংস্করণসমূহ প্রকাশ করা হইবে ;

(ঘ) অনুবাদ গ্রন্থ প্রকাশ করার ক্ষেত্রে উদ্যোগী ব্যক্তি হইলে এবং প্রতিষ্ঠান কর্তৃক লেখক ও প্রকাশকের (যিনি মূল কপিরাইটের অধিকারী তাহার নিকট হইতে)অনুমতি গ্রহণ করিতেহইবে [প্রযোজ্য ক্ষেত্রে] ;

(ঙ) উদ্যোক্তা অনুবাদককে অনুবাদের অনুমতির জন্য কপিরাইট লাইসেন্স ফি প্রদান করিতে হইবে;

(চ) প্রাতিষ্ঠানিকভাবে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক ফরমায়েশকৃত গ্রন্থের ক্ষেত্রে লেখক রয়্যালটি/ সম্মানীর বিনিময়ে গ্রন্থস্বত্বের অধিকার ইসলামিক ফাউন্ডেশনের নিকট বিক্রয় করিয়াছে বলিয়া গণ্য হইবে ;

(ছ) বই মুদ্রণের আগে অথবা পরে উক্ত বই সম্পর্কে যদি কোন অভিযোগউত্থাপিত হয়, তবে সত্যতা প্রমাণ সাপেক্ষে উক্ত বই বাতিলের অধিকার ইসলামিক ফাউন্ডেশন সংরক্ষণ করিবে;

(জ) ইসলামিক ফাউন্ডেশনহইতে প্রকাশিত সকল বই পরবর্তী ১২ (বার) বৎসরের মধ্যে অন্য কোন প্রকাশনা সংস্থা/বিভাগ/দপ্তর কিংবা নিজ উদ্যোগে একই নামে কিংবা শিরোনাম পরিবর্তন করিয়া প্রকাশ করা যাইবে না।

## ২৭. বিপণন ও বিক্রয়

(ক) ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত সকল বই প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয়, জেলা এবং উপজেলা কার্যালয় থেকে নিজস্ব ব্যবস্থাপনায় বিক্রয় করা যাইবে ;

(খ) অভ্যন্তরীণ এবং আন্তর্জাতিক বাজারে ( International Market Place) অনলাইন সিস্টেম/ ই-কমার্স এর মাধ্যমেবই বিক্রয় করা যাইবে ;

(গ) ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত বইয়ের অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজার তৈরির লক্ষ্যে পরিবেশক/ডিলার নিয়োগের বিষয়ে বোর্ড অব গভর্নরস এর সুপারিশ এবং মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে সমঝোতা স্মারক ( MoU) সম্পাদন পূর্বক চুক্তিবদ্ধ প্রতিষ্ঠানের মাধ্যমে বই প্রকাশনা সামগ্রী বিক্রয়ের ব্যবস্থা করা যাইবে ;

(ঘ) স্থানীয়, জাতীয় এবং আন্তর্জাতিক বইমেলা উপলক্ষে বই বিক্রির ব্যবস্থাকরা যাইবে;

(ঙ) ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক নির্ধারিত কমিশন কিংবা বিশেষ কমিশনে বই বিক্রয় করা যাইবে;

(চ) সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-সরকারি/মন্ত্রণালয়/কর্পোরেশন কিংবা অনুরূপ কোন সংস্থা/ বিশ্ববিদ্যালয়/ গবেষণা প্রতিষ্ঠান/বিভাগ/দপ্তর/বেসরকারি বৈধ সংস্থা/আন্তর্জাতিক সংস্থা/গ্রন্থাগার বই সংগ্রহের আগ্রহ প্রকাশ করিলে কিংবা বিজ্ঞপ্তি প্রকাশ করিলে ইসলামিক ফাউন্ডেশন PPR-২০০৮ (সংশোধিত) -এর আলোকে অংশগ্রহণ করিতে পারিবে। কিংবডি.পিএম/চাহিদা পত্রের পরিপ্রেক্ষিতে বিলের মাধ্যমে বই বিক্রয় করা যাইবে;

(ছ) প্রতিষ্ঠিত জাতীয় অথবা আন্তর্জাতিকভাবে স্বীকৃত অনলাইন মার্কেটিং প্রতিষ্ঠানের সাথে বিধি মোতাবেব চুক্তিবদ্ধ সমঝোতা স্মারক (MoU) সম্পাদন পূর্বক বই বিক্রয়ের ব্যবস্থা করা যাইবে;

(জ) বই প্রকাশের ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসর অতিক্রান্ত হওয়ার পরও পুস্তক অবিক্রিত থাকিলে উক্ত বইয়ের বিষয়ে পুস্তক প্রকাশনা কমিটি সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে;

(ঝ) মহাপরিচালকের অনুমোদনক্রমে বই/জার্নাল/পত্রিকা/প্রকাশনার সৌজন্য সংখ্যা বিতরণ করা যাইবে

**২৮. বিক্রয় উন্নয়ন ও প্রচারণা**

প্রতিযোগিতামূলক বাজারে বই বিক্রির হার বৃদ্ধি করিতে হইলে ব্যাপক প্রচারণার উদ্দেশ্যে -

(ক) ই-কমার্স, ডিজিটাল মার্কেটিং এবং সোশ্যাল মিডিয়ায় ব্যাপক প্রচারণা করা যাইবে ;

(খ) স্টীকার, পোস্টার, ডিজিটাল ব্যানার, বিলবোর্ড, নিয়ন সাইন, ডকুমেন্টারী ইত্যাদির মাধ্যমে প্রচারণা করা যাইবে ;

(গ) বিশেষ দিবস ও অনুষ্ঠান উপলক্ষে প্রচারণা করা যাইবে;

(ঘ) পাঠক, ক্রেতা, পরিবেশক, শুভানুধ্যায়ীদের নিয়ে বাৎসরিক সম্মেলন আয়োজনের মাধ্যমে প্রচারণা করা যাইবে;

(ঙ) বিশ্ববিদ্যালয়, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, মাদ্রাসা (কওমী, আলিয়া), সামাজিক সংগঠন এবং অনুরূপ কোন প্রতিষ্ঠানকে পত্র প্রেরণের মাধ্যমে প্রচারণাকরা যাইবে;

(চ) সর্বোচ্চ বই বিক্রেতাকে পুরস্কৃত করা যাইবে কিংবা আন্তর্জাতিক বই মেলায় অংশগ্রহণের সুযোগ পাইবে;

(ছ) বিদেশে অনুষ্ঠিত আন্তর্জাতিক বই মেলায় অংশগ্রহণের লক্ষ্যে প্রকাশনা বিভাগ , গবেষণা বিভাগ, ইসলামী বিশ্বকোষ বিভাগ এবং অনুবাদ ও সংকলন বিভাগের কর্মকর্তা -কর্মচারীদের অগ্রাধিকার প্রদান করা হইবে ;

(জ) ডিজিটাল/স্মার্ট কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে প্রচার প্রসারে আই সি টি বিভাগ কারিগরি সহায়তা (Technical support) সামর্থ ও সক্ষমতা অনুযায়ী প্রদান করিবে।

(ঝ) e-book ব্যবস্থাপনার মাধ্যমে পাঠক /ক্রেতা তৈরির লক্ষে নির্ধারিত বই সমূহের সারসংক্ষেপ e-book কর্ণারে প্রকাশ করা যাইবে।

**২৯. আদেশ জারির কার্যকরতা**

ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনের তারিখ হইতে পাণ্ডুলিপি সংগ্রহ , মুদ্রণ ও প্রকাশনা এবং বিপণন নির্দেশিকা -২০২৩ কার্যকর হইবে ।

**৩০. রহিতকরণ ও হেফাজত**

এই নির্দেশিকা জারির অনুমোদন হইবার পর পাণ্ডুলিপি সংগ্রহ, মুদ্রণ ও প্রকাশনা এবং বিপণন কার্যক্রম নির্দেশিকার উক্ত আলোকে পরিচালিত হইবে। তবে এই নির্দেশিকা অনুমোদনের পূর্ব পর্যন্ত যে সকল কার্যাদি প্রকাশিত/অপ্রকাশিত/পত্র/আদেশ/অনুরোধ/সিদ্ধান্ত/সুপারিশসমূহ অনুমোদিত নির্দেশিকার অধীন হেফাজত করা হইল। এই নির্দেশিকায় অন্তর্ভুক্ত হয় নাই এইরূপ বিষয়াদির জন্য সরকারী আদেশ/পরিপত্র/ম্যানুয়াল কার্যকর অথবা বলবৎ থাকিবে। ইহা ব্যতীত এই নির্দেশিকায় অন্তর্ভূক্ত হয় নাই এইরুপ বিষয়াদি মহাপরিচালক এর অনুমোদনক্রমে নিষ্পত্তি করা যাইবে ।

**৩১. নির্দেশিকা সংশোধন, পরিমার্জন/পরিবর্ধন/সম্পাদনা ও অস্পষ্টতা দূরীকরণ**

(ক) পুস্তক প্রকাশনা কমিটির সুপারিশের ভিত্তিতে এই নির্দেশিকায় যে কোন পরিবর্তন , পরিবর্ধন, সংযোজন বা সংশোধন করিবার ক্ষমতা ইসলামিক ফাউন্ডেশনের উপর ন্যস্ত থাকিবে ;

(খ) এতদ্ব্যতীত এই নির্দেশিকার কোন অনুচ্ছেদ/শব্দের ব্যাখ্যা/বাক্য বা অর্থ নির্ধারণ বা বিশেষ কোন পরিস্থিতির উদ্ভব হইলে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে ।

**মোঃ আবদুল্লাহ্ আল মাসুদ**
পরিচালক
ইসলামি বিশ্বকোষ বিভাগ

## ইসলামিক ফাউন্ডেশন এর সাথে লেখক /গবেষক/অনুবাদক/সম্পাদক/সংকলকের চুক্তিপত্র

১। বইয়ের পান্ডুলিপি নামঃ.................................................................................................................

২। লেখক /গবেষক/অনুবাদক/সম্পাদক/সংকলকের নামঃ .......................................................................

৩। পান্ডুলিপির প্রকৃতিঃ মৌলিক /গবেষক/অনুবাদ /সম্পাদনা/সংকলন.........................................................

৪। অনুবাদ/সংকলনের ক্ষেত্রেঃ

(ক) মূল লেখকের নামঃ...................................................................................................................

(খ) মূল বইয়ের নাম ও ভাষাঃ .........................................................................................................

৫। পান্ডুলিপির ধরনঃ কম্পোজকৃতঃ .................................................................................................

৬। কম্পিউটার কম্পোজকৃত পৃষ্ঠা সংখ্যাঃ .......................................

**৭. শর্তাবলিঃ**

৭.১ এই চুক্তিপত্রে প্রথম পক্ষ বলি তে ইসলামিক ফাউন্ডেশন দ্বি তীয় পক্ষ ব লিতে লেখক /গবেষক/অনুবাদক/ সম্পাদক/সংকলক অর্থাৎ ১ থেকে ৬ নং ক্রমিকে বর্ণিত পান্ডুলিপির লেখক /গবেষক/অনুবাদক / সম্পাদক / সংকলক বা তাঁর বৈধ উত্তরাধিকারী বা উত্তরাধিকারিগণ বা উইলের মাধ্যমে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বুঝাইবে।

৭.২ ১ থেকে ৬ নং ক্রমিকে বর্ণিত পান্ডুলিপিটি ফাউন্ডেশন হ ইতে প্রকাশের জন্য এই চুক্তিপত্রে উল্লিখিত শর্তানুযায়ী , দ্বিতীয় পক্ষ প্রথম পক্ষকে হস্তান্তর ক রিতে সম্মতি জ্ঞাপন করিয়া ছেন এবং প্রথম পক্ষ এই চুক্তিপত্রের শর্তানুযায়ী মুদ্রণ ও প্রকাশ ক রিতে সম্মতি প্রদান করিয়াছেন।

৭.৩ দ্বিতীয় পক্ষ এই মর্মে অঙ্গীকার করিতেছে যে, এই পান্ডুলিপিটি বাংলাদেশ এর কপিরাইট আইন লংঘন করে রচিত হয় নাই। এই চুক্তি সম্পাদনের পরও যদি কপিরাইট লংঘনজনিত কোন কিছু পরিলক্ষিত হয় তবে প্রথম পক্ষ চুক্তিপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

৭.৪ এই চুক্তিপত্র স্বাক্ষ রের পরও পান্ডুলিপিতে কোন ত্রুটি বিচ্যুতি পরিলক্ষিত হ ইলে প্রথম পক্ষ পান্ডুলিপিটি সম্পাদনা , পরিমার্জন, পরিবর্তন, পরিবর্ধন করার ক্ষমতা সংরক্ষণ করে। এইসব সম্পাদনা , পরিমার্জন ও পরিবর্তন , পরিবর্ধনে দ্বিতীয় পক্ষ সম্মত না থাকলে চুক্তিপত্রটি বাতিল বলিয়া গণ্য হবে।

৭.৫ পান্ডুলিপিটি অন্য কারো রচনার নকল বা উল্লেখযোগ্য পরিমাণ অংশ নকল যা কপিরাইট আইনের লঙ্ঘন বলিয়া পরিগণিত প্রমাণিত হইলে প্রথম পক্ষ এ বাবদ ব্যয়িত অর্থের দ্বিগুণ ক্ষতিপূরণ দ্বিতীয় পক্ষের কাছ থেকে আদা য় করার আইনগত অধিকার সংরক্ষণ করেন।

৭.৬ চুক্তিপত্রের ৭.১ থেকে ৭.৬ নং উপক্রমিকে বর্ণিত পান্ডুলিপির কপি লেখকের কাছেও থাকবে। যদি কোন কারণে পান্ডুলিপিটি প্রথম পক্ষের কাছ থেকে হারিয়ে যায়, খোয়া যায় বা নষ্ট হয় তবে দ্বিতীয় পক্ষ ‘কপি’ প্রদান করে সহযোগিতা করিবেন।

৭.৭ পান্ডুলিপি প্রকাশে অনিচ্ছাকৃত কোন মুদ্রণ ত্রুটি বিচ্যুতি ঘটিলে উহার জন্য প্রথম পক্ষকে দায়ী করা যাইবে না।

৭.৮ পান্ডুলিপিতে ব্যবহৃত বানান, বাক্য ও ভাষা পরিবর্তন, পরিমার্জনের ক্ষমতা সম্পূর্ণভাবে প্রথম পক্ষ সংরক্ষণ করে।

৭.৯ এই চুক্তিপত্র অনুযায়ী বই প্রকাশিত হওয়ার পর এই নির্দেশিকার অনুচ্ছেদ ‘২৬’ প্রযোজ্য হইবে।

৭.১০ এই চুক্তি পত্র অনুযায়ী মৌলিক পুস্তকের গ্রন্থস্বত্ব দ্বিতীয় পক্ষের থা কিবে। তবে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক গঠিত বোর্ড / সম্পাদনা পরিষদ প্রণীত /সম্পাদিত/সংকলিত অথবা নির্দিষ্ট পারিশ্রমিকের বিনিময়ে প্রণীত /সম্পাদিত/সংকলিত/অনূদিত (ফরমায়েশী কিংবা স্বেচ্ছায় অনূদিত) সকল পুস্তকের গ্রন্থস্বত্ব স্থায়ীভাবে ফাউন্ডেশনের থাকিবে।

৭.১১ এই চুক্তিপত্র অনুযায়ী মৌলিক পুস্তকের গ্রন্থস্বত্ব পান্ডুলিপি সংগ্রহ, মুদ্রণ ও প্রকাশনা এবং বিপণন নির্দেশিকা -২০২৩ অনুসারে প্রতি পালন করা হইবে।

৭.১২ এই চুক্তিপত্র অনুযায়ী মৌলিক পুস্তকের ক্ষেত্রে ১ম পক্ষ কমপক্ষে চার সংস্করণ অথবা বার বছর ৭.১ হতে ৭.৬ নং ক্রমিকে বর্ণিত পান্ডুলিপিটি রয়্যালটির বিনিময়ে প্রকাশের অধিকার সংরক্ষণ করে।

৭.১৩ কপিরাইট বিধিমালা, ২০০৬ এর ধারা-১০ (ক) অনুযায়ী দ্বিতীয় পক্ষকে প্রকাশিত পুস্তকের খুচরা বিক্রয় মূল্যের উপর অর্থাৎ ফাউন্ডেশনে প্রচলিত হা রে শতকরা ........................ টাকা বিক্রয় কমিশন বাদ দি য়া খুচরা বিক্রয় মূ ল্যের উপর রয়্যালটি পরিশোধ করা হইবে, যাহা রয়্যালিটি নির্ধারণ কমিটি কর্তৃক সুপারিশকৃত।

৭.১৪ দ্বিতীয় পক্ষের প্রাপ্য রয়্যালটি থেকে সরকারী বিধি মোতাবেক ভ্যাট, ট্যাক্স ও উৎসে আয়কর কর্তন করা হইবে।

৭.১৫ প্রকাশিত পুস্তক অফিসে ব্যবহারের জন্য অতিরিক্ত মুদ্রিত ২৫০ কপির কোন রয়্যালটি দ্বিতীয় পক্ষ প্রাপ্য হইবে না।

৭.১৬ পুস্তক মুদ্রণ ও বাধাইয়ের পর সমুদয় কপি (অতিরিক্ত ২৫০ কপি বাদে) স্টোরে জমা হইলে রয়্যালটি পরিশোধ করা হইবে।

৭.১৭ দাখিলকৃত পাণ্ডুলিপি/পুস্তক পরীক্ষার পর যদি দেখা যায় যে, এর ভাষা ও বিষয়বস্তুর ত্রুটিবশত বই/পাণ্ডুলিপিটি সম্পাদিত হওয়া প্রয়োজন তা হলে সম্পাদনা ও প্রেস কপি প্রস্তুত করার পারিশ্রমিক/সম্মানী লেখকের প্রাপ্য রয়্যালটি থেকে বাদ যাইবে।

৭.১৮ ৭.১ থেকে ৭.৬ নং ক্রমিকে বর্ণিত অনুদিত পাণ্ডুলিপির অনুবাদ গ্রন্থস্বত্ব ফাউন্ডেশনের নিকট স্থায়ীভাবে বিক্রির শর্তে প্রতি হাজার শব্দের জন্য ........................ টাকা অনুবাদক এককালীন অনুবাদ সম্মানী প্রাপ্য হবেন। এরপর (পুনর্মুদ্রণের ক্ষেত্রে) ফরমায়েশী কিংবা স্বেচ্ছায় অনুদিত যাহাই হউক না কেন, কোন ক্ষেত্রেই রয়্যালটি প্রাপ্য হইবেন না।

৭.১৯ ৭.১ থেকে ৭.৬ নং ক্রমিকে বর্ণিত পাণ্ডুলিপির গ্রন্থস্বত্ব ফাউন্ডেশনকে স্থায়ীভাবে প্রদানের শর্তে লেখক এককালীন .............................. কথায় (................................................) টাকা সম্মানী প্রাপ্য হইবেন।

৭.২০ প্রকাশিত বইয়ের জন্য প্রথম পক্ষ দ্বিতীয় পক্ষকে নিম্নলিখিত হারে রয়্যালটি প্রদান করিবে।

(ক) লেখক/গবেষক/অনুবাদকঃ ............................................................

(খ) সম্পাদক/সংকলকঃ ..........................................................

(গ) সম্পাদিত/সংকলিত বইয়ের অন্তর্ভুক্ত লেখার জন্য লেখক / লেখকগণকেঃ ...................................................

(ঘ) সম্পাদিত/সংকলিত বইয়ের অন্তর্ভুক্ত কবিতার জন্যঃ ...........................................................................

৭.২১ লেখক/গবেষক/সম্পাদক/সংকলক /অনুবাদক প্রকাশিত বইয়ের নিম্নবর্ণিত সংখ্যক কপি সৌজন্য হিসাবে পাইবেনঃ

(ক) একজন হইলে ২৫ (পঁচিশ) কপি।

(খ) দুইজন হইলে ১৩ (তের) কপি করে।

(গ) দুইজনের বেশী হইলে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কপি।

(ঘ) সম্পাদক/সংকলক (১৩ তের) কপি। গ্রন্থে অন্তর্ভুক্ত লেখক/লেখকগণ ১ (এক) কপি করে।

৭.২২ দ্বিতীয় পক্ষ জানাইতেছে যে, এই বইয়ে গ্রন্থস্বত্ব আইনের কোনো লঙ্ঘন হইয়া থাকি লে সে জন্য দ্বিতীয় দ্বিতীয় পক্ষই দায়ী থাকিবেন, ফাউন্ডেশন বা প্রথম পক্ষ নয়।

৭.২৩ পাণ্ডুলিপি সংগ্রহ, মুদ্রণ ও প্রকাশনা এবং বিপণন নির্দেশিকা-২০২৩ এই চুক্তি পত্রের অংশ হিসেবে গণ্য হইবে।

৭.২৪ যে কোন সময় প্রথম পক্ষ এই চুক্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

এই চুক্তিপত্রের শর্তাবলী পাঠ করিয়া সকল শর্ত মানিয়া স্বেচ্ছায় স্বজ্ঞানে স্বাক্ষর করিলাম।

দ্বিতীয় পক্ষঃ

স্বাক্ষরঃ

পূর্ণ নামঃ ..........................................................................................

বর্তমান ঠিকানাঃ ..................................................................................

স্থায়ী ঠিকানাঃ .......................................................................................

মোবাইল.......................................... ই-মেইলঃ ......................................................

তারিখঃ

সাক্ষীঃ

১। স্বাক্ষরঃ

পূর্ণ নাম ও ঠিকানাঃ ................................................................. মোবাইল: .....................

২। স্বাক্ষরঃ

পূর্ণ নাম ও ঠিকানাঃ ................................................................. মোবাইল: .....................

প্রথম পক্ষঃ

মহাপরিচালক এর পক্ষে

পরিচালক

.................. বিভাগ

ইসলামিক ফাউন্ডেশন